আলোচিত সেই রোহিঙ্গা তরুণী বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার

আলোচিত রোহিঙ্গা তরুণী রাহিমা আক্তার ওরফে রাহি খুশিকে কক্সবাজার ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (সিবিআইইউ) থেকে বহিষ্কার করা হয়েছে।

সাংবাদিকদের বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. আবুল কাশেম।

ভিসি জানান, খুশির পরিচয় প্রকাশ হওয়ার পর তাকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িকভাবে বহিষ্কার করা হয়েছে। তার সনদসহ অন্যান্য সব তথ্যাদি যাচাই করতে তদন্ত কমিটি গঠন করা হয়েছে। আগামী সাত দিনের মধ্যে কমিটি রিপোর্ট দেবে।

সম্প্রতি জার্মান সংবাদমাধ্যম ডয়চে ভেলে রোহিঙ্গা তরুণী রাহি খুশিকে নিয়ে একটি ভিডিও প্রতিবেদন প্রচার করে। যাতে দেখা যায়, খুশি উখিয়ার কুতুপালং ক্যাম্পে একটি এনজিওর কর্মী হিসেবে নিজের স্বদেশি রোহিঙ্গাদের সাক্ষাৎকার নিচ্ছেন খুশি। এর পরই বিষয়টি নিয়ে সংবাদমাধ্যমে নানান খবর ও স্যোশাল মিডিয়ায় আলোচনা শুরু হয়।

সিবিআইইউ ভিসি বলেন, খুশি যে বাংলাদেশি নয়; সেটি সরকার প্রমাণ করে সিদ্ধান্ত দেবে। আমরা সে অনুযায়ী ব্যবস্থা নেব।

জানা গেছে, খুশি কক্সবাজার বায়তুশ শরফ জব্বারিয়া একাডেমি থেকে এসএসসি ও কক্সবাজার সরকারি মহিলা কলেজ থেকে এইচএসসি পাস করেন। বর্তমানে তিনি কক্সবাজার ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে এলএলবিতে অনার্স পড়ছেন।